# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম ইপিজেড

টিউটোরিয়াল পরীক্ষা-০২

হিসাববিজ্ঞান ১মপত্র(সৃজনশীল)

সময়ঃ ১ ঘন্টা

পূর্ণমানঃ ৩০ নম্বর

[বিঃদ্রঃ সব প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০ নম্বর। প্রতিটি প্রশ্নের ক, খ ও গ অংশের মান যথাক্রমে ২, ৪ ও ৪। ]

০১। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে মুনতাহা ট্রাভেল এজেন্সির রেওয়ামিল নিম্নরূপ:

হিসাবের নাম	ডেবিট	ক্রেডিট
	টাকা	টাকা
নগদান	১১,২০০	
প্রাপ্যসমূহের হিসাব	৫,৬২০	
সাপ্লাইজ খরচ	5,060	
বিমা খরচ	২,৪০০	
অফিস সরঞ্জাম	७०,०००	
প্রদেয় নোট		\$0,000
প্রদেয়সমূহের হিসাব		১২,৩৫০
মুনতাহার মূলধন		২২,০০০
মুনতাহার উত্তোলন	৬০০	
সেবা আয়		১১,৪২০
বেতন খরচ	২,২০০	
পরিবহন খরচ	\$,७००	
ভাড়া খরচ	১,২০০	
বিবিধ খরচ	২০০	
	<u> </u>	<u> </u>

#### সমন্বয়সমূহ:

- (১) চলতি বছর সাপ্লাইজ খরচের পরিমাণ ৩০০ টাকা।
- (২) বছর শেষে অফিস সরঞ্জামের অবচয় ধরা হয়েছে ৫০০ টাকা;

- (৩) চলতি বছরে বিমা খরচের পরিমাণ ১,২০০ টাকা;
- (৪) একজন গ্রাহককে ধারে সেবা প্রদান ৫৮০ টাকা কিন্তু হিসাবভুক্ত হয়নি।
- ক) প্রয়োজনীয় বিপরীত দাখিলা দাও।
- খ) একটি ১০ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত করো।
- গ) প্রয়োজনীয় সমাপনী দাখিলা দাও।(ব্যাখার প্রয়োজন নেই)

০২। মোহীনি এন্টারপ্রাইজের ২০২৪ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিচে দেওয়া হলো:

হিসাবের নাম	ডেবিট টাকা	হিসাবের নাম	ক্রেডিট টাকা
ভাড়া খরচ	७०,०००	প্রদেয়সমূহের হিসাব	80,000
প্রাপ্যসমূহের হিসাব	४०,०००	মূলধন - মোহীনি	४०,०००
অফিস সরঞ্জাম	\$,00,000	সেবা আয়	\$,80,000
উত্তোলন - মোহীনি	\$0,000		
বেতন খরচ	২০,০০০		
সাপ্লাইজ খরচ ( ৮০% নিঃশেষিত)	২০,০০০		
	২,৬০,০০০	-	২,৬০,০০০

### অন্যান্য তথ্যাবলি:

- (১) অপরিশোধিত বেতন খরচের পরিমাণ ৪,০০০ টাকা।
- (২) অগ্রিম ভাড়ার পরিমাণ ৬,০০০ টাকা।
- (৩) সেবা আয়ের ১০% অনুপার্জিত সেবা আয় গণ্য করতে হবে।
- (৪) অফিস সরঞ্জামের ওপর ১০% হারে অবচয় ধরতে হবে।
- ক) ৩০ জন ২০২৪ তারিখে সাপ্লাইজের পরিমাণ নির্ণয় করো।
- খ) প্রয়োজনীয় সমন্বয় দাখিলা দাও।
- গ) একটি ৮ ঘরবিশিষ্ট কার্যপত্র (Worksheet) প্রস্তুত করো।

#### ০৩। জিনিয়া ট্রেডার্সের ২০২৪ সালের ৩০ জুন তারিখে রেওয়ামিল ছিল নিম্নরূপ:

হিসাব শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদান	\$&,000	
প্রাপ্যসমূহের হিসাব	\$0,000	
মজুদ পণ্য (৩০-০৬-২০২৪)	২০,০০০	
প্রদেয়সমূহের হিসাব		¢,000
জিনিয়ার মূলধন		২৫,০০০
বিক্রয়		১,২০,০০০
বিক্রিত পণ্যের ব্যয়	₩¢,000	
পরিচালন খরচ	২০,০০০	
	<u>&gt;,&amp;o,ooo</u>	<u>১,৫०,०००</u>

## অন্যান্য তথ্যাবলি :

- (১) ধারে বিক্রয়ের পরিমাণ ১৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।
- (২) মালিক কর্তৃক অতিরিক্ত মূলধন আনয়ন ২৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।
- ক) প্রয়োজনীয় সমন্বয় জাবেদা দাখিলা দাও।(ব্যাখ্যার প্রয়োজন নেই)
- খ) উল্লেখিত তথ্যের ভিত্তিতে একটি কার্যপত্র করো।(সমন্বিত রেওয়ামিল পর্যন্ত)।
- গ) হিসাবকাল শেষে প্রয়োজনীয় সমাপনী দাখিলা দাও।(ব্যাখ্যার প্রয়োজন নেই)